

**2021/TDC/CBCS/ODD/
BNGHCC-303T/364**

**TDC (CBCS) Odd Semester Exam., 2021
held in March, 2022**

BENGALI

(3rd Semester)

Course No. : BNGHCC-303T

(বাংলা আত্মকথা ও প্রবন্ধ)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো দশটা) : $2 \times 10 = 20$

- ১। রাসসুন্দরী দাসীর 'আমার জীবন'-এর প্রথম প্রকাশকালে গ্রন্থটির ভূমিকা এবং গ্রন্থপরিচয় যে দুইজন লিখেছিলেন তাঁদের নাম লেখো।
- ২। “..... ভয় হইলে দয়ামাধবকে ডাকিও।” এই কথাটি কে, কাকে বলেছিলেন?
- ৩। কোন্ পুঁথি পড়ার জন্য লেখা-পড়া শিখতে এত আগ্রহী ছিলেন রাসসুন্দরী? 'আমার জীবন' রাসসুন্দরী কত বৎসর বয়সে রচনা করেন?

- ৪। আক্ষীয়তার সম্পর্কে অবনীন্দ্রনাথ ঠাকুর রবীন্দ্রনাথের কী হন? অবনীন্দ্রনাথের পিতার নাম কী?
- ৫। 'আপনকথা' কত খ্রিস্টাব্দে এবং কোন্ প্রকাশন সংস্থা থেকে প্রকাশিত হয়?
- ৬। অবনীন্দ্রনাথের 'আপনকথা' কী ধরনের গ্রন্থ? এই গ্রন্থের প্রথম অধ্যায়ের নাম কী?
- ৭। প্রথম চৌধুরীর ছদ্মনাম কী? প্রথম চৌধুরীর গদ্যরীতি কী নামে অভিহিত?
- ৮। প্রথম চৌধুরী সম্পাদিত পত্রিকার নাম কী? 'বই পড়া' প্রবন্ধটি লেখক প্রথম কোথায় পাঠ করেছিলেন?
- ৯। প্রবন্ধানুসারে 'এ যুগের ভারতচন্দ্র' কাকে বলা হয়? 'ভারতচন্দ্র' প্রবন্ধটি একটি সাহিত্য-সম্মিলনীর অভিভাষণ—কোন সাহিত্য-সম্মিলনীর অভিভাষণ?
- ১০। 'সংস্কৃতির স্বরূপ' প্রবন্ধের লেখকের নাম কী? প্রবন্ধটি লেখকের কোন্ গ্রন্থের অন্তর্গত?
- ১১। 'দুশো বছরের বাংলা প্রবন্ধ সাহিত্য'-এর অন্তর্গত 'মধুসূদনের রাজসিকতা' প্রবন্ধের লেখক কে?
- ১২। সৈয়দ মুজতবা আলীর জন্ম কোথায় হয়েছিল? তাঁর রচিত একটি ভ্রমণমূলক গ্রন্থের নাম লেখো।

- ১৩। বেগম রোকেয়া কত সালে, কোথায় জন্মগ্রহণ করেন?
- ১৪। বেগম রোকেয়া প্রতিষ্ঠিত বালিকা বিদ্যালয় এবং নারী-সংগঠনের নাম লেখো।
- ১৫। 'অবরোধবাসিনী' গ্রন্থে মোট কয়টি কাহিনি বা খণ্ডচিত্র রয়েছে? চিত্রগুলি কী বিষয়ক?

SECTION—B

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো পাঁচটা) : ১০×৫=৫০

- ১৬। "রাসসুন্দরীর 'আমার জীবন' বাংলা সাহিত্যের প্রথম আত্মচরিত এবং সে যুগের মেয়েদের জীবনের একটি অন্তরঙ্গ দলিল।" আলোচনা করো।
- ১৭। উনিশ শতকের শিক্ষা প্রসঙ্গ, বিশেষ করে নারীশিক্ষার প্রসঙ্গটি রাসসুন্দরীর আত্মকথায় যুরে ফিরে এসেছে। গ্রন্থটি অবলম্বনে বিষয়টি নিজের ভাষায় লিপিবদ্ধ করো।
- ১৮। "ছেটবেলার অতিবাস্তব দিনগুলি ভবিষ্যৎ জীবনে ছবির মতো মনে পড়ে। তুলির শিল্পী অবনীন্দ্রনাথ লেখনীর শিল্পী হয়ে সেই ছবিই এঁকেছেন 'আপনকথা' গ্রন্থে।" আলোচনা করো।
- ১৯। 'আপনকথা' গ্রন্থের 'পদ্মদাসী' ও 'সাইক্লোন' অধ্যায় দুটির বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করো।

- ২০। ভারতচন্দ্রের কাব্যের আদিরস নিয়ে আলোচনা করতে গিয়ে সমালোচকরা তাঁর কাব্যে অশ্লীলতা দোষ খুঁজে পেয়েছেন। প্রাবন্ধিক প্রমথ চৌধুরী এর বিরুদ্ধে যে যুক্তি তুলে ধরেছেন, 'ভারতচন্দ্র' প্রবন্ধে অবলম্বনে সংক্ষেপে আলোচনা করো।
- ২১। প্রমথ চৌধুরীর মতে সাহিত্যের উদ্দেশ্য কী? 'সাহিত্যে খেলা' প্রবন্ধে অবলম্বনে আলোচনা করো।
- ২২। "কাব্যকে তাই আমরা সকল শিল্পের মধ্যে ব্রাহ্মণ বলিয়া নির্দেশ করিতে চাই।" তোমার পঠিত 'শিল্পকলার কথা' প্রবন্ধে কাব্যকে ব্রাহ্মণ অর্থাৎ সর্বোৎকৃষ্ট কেন বলেছেন প্রাবন্ধিক, বুঝিয়ে দাও।
- ২৩। 'বই কেনা' প্রবন্ধে বই কেনা ও বই পড়ার সপক্ষে লেখক কৌতুকমিশ্রিত ভঙ্গিতে যেসব জোরালো যুক্তি উপস্থাপন করেছেন সে বিষয়ে আলোকপাত করো।
- ২৪। "‘অবরোধবাসিনী’ গ্রন্থে লেখিকা সেকালে প্রধানত সম্ভ্রান্ত ও উচ্চবিত্ত মুসলমান পরিবারে পর্দাপ্রথার নামে নারীত্বের ও মানবতার যে অবমাননা চলছিল তারই করুণ মর্মস্পর্শী ছবি তুলে ধরেছেন বাস্তব কিছু ঘটনা বর্ণনার মাধ্যমে।" আলোচনা করো।
- ২৫। 'অবরোধবাসিনী' গ্রন্থের লেখিকা স্বয়ং অবরোধের মধ্যে তাঁর শৈশব, কৈশোর অতিবাহিত করেছিলেন। এর মনোজ্ঞ উদাহরণ রয়েছে গ্রন্থের কয়েকটি চিত্রে। এরকম দুটি চিত্র সংক্ষেপে আলোচনা করো।
